গাংনী উপজেলা পর্যায়ে বঙ্গবন্ধু, বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টূর্ণামেন্টের উদ্বোধন

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান গোল্ডকাপ ফুটবল টূর্ণামেন্ট ও বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিব গোল্ড কাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট উপজেলা পর্যায়ের খেলার উদ্বোধন করা হয়েছে।

গাংনী মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে আজ বুধবার (২২ জুন) সকালে গাংনী উপজেলা পর্যায়ে এ টূর্ণামেন্টের উদ্বোধন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি)মোঃ নাজমুল আলম।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম,এ খালেক। বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী পৌর সভার মেয়র আহম্মেদ আলী, স্বাগত বক্তব্য রাখেন গাংনী উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার মোঃ সামসুজ্জোহা।

গাংনী মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ পারভেজ সাজ্জাদ রাজা খেলাটি উপস্থাপনা করেন।

উদ্বোধনী খেলায় সাহারবাটি ইউনিয়নের হিজলবাড়িয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের দলে নির্ধারিত বয়সের তুলনায় বেশী বয়স্ক খেলোয়ার থাকায় তার গাংনী পৌর সভার থানাপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সাথে খেলা না খেলায় উপজেলা আয়োজক কমিটি থানাপাড়া সরকারী প্রাথমিক দলকে বিজয়ী ঘোষণা করেন।

এছাড়া বালিকা পর্যায়ের গাংনী পৌর সভার মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয় দলকে ২-০ গোলে পরাজিত করে সেমিফাইনাল খেলার যোগ্যতা অর্জন করেছে সাহারবাটি ইউনিয়নের হিজলবাড়িয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের বালিকা টিম।

গাংনীতে সমবায়ীদের অংশগ্রহণে দিনব্যাপী যৌথসভা ও ই-প্রশিক্ষণ কর্মশালা

সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি প্রকল্প ৩য় পর্যায়ে সমবায়ীদের অংশগ্রহণে দিনব্যাপী যৌথসভা ও ই-প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হযয়েছে।

আজ বুধবার (২২ জুন) সকালের দিকে গাংনী উপজেলা পরিষদ সভাকক্ষে দিনব্যাপি এ প্রশিক্ষণ কর্মশালা ও জৌথসভা অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা সমবায় অফিসের আয়োজনে প্রশিক্ষণে প্রধান অতিথিরি বক্তব্য রাখেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক।

গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টুর সভাপতিত্বে অনুষ্ঠিত এ কর্মশালায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা সমবায় অফিসের উপ সহকারী নিবন্ধক এনামুল হক ।

প্রশিক্ষণে বিভিন্ন সমবায় সমিতির ৬০ জন সদস্য অংশগ্রহণ করেন।

অতিবৃষ্টির ফলে সৃষ্ঠ জলাবদ্ধতায় নাকাল বামন্দীবাসি

গত কয়েকদিনের লাগাতার অতিবৃষ্টির ফলে সৃষ্ঠ জলাবদ্ধতা বামন্দী এলাকার অধিকাংশই তলিয়ে গেছে। বামন্দী বাজার, সিনেমাহল পাড়া, প্রাইমারী স্কুলপাড়ার জলাবদ্ধতা মানুষের নিত্যদিনের সঙ্গী হয়েছে। গত ৩দিন ধরে জলাবদ্ধতা ভযাবহ রূপ ধারন করেছে।

এলাকার বাড়িগুলোর উঠানে পানি প্রবেশ করেছে। অনেকেরই ঘরের মধ্যেও এখন পানি। ফলে জলবদ্ধতায় নাকাল এখন বামন্দীবাসী।

এলাকাবাসীরা জানিয়েছেন, বামন্দীর রাস্তাগুলো উচু করা হলেও বাকি অংশটুকু নিচুই রয়ে গেছে। যার ফলশ্রুতিতে নিচু অংশটিতে অতিরিক্ত পানি জমে ভয়াবহ অবস্থার সৃষ্টি করেছে। এত বিশাল এলাকার পানি নিষ্কাষনের কোনো পথ নেই। এখানকার পানি সরতে দুই আড়াইমাস সময় লেগে যায়। ফলে অবর্ননীয় কষ্টে পড়েন বামন্দীবাসী।

এলাকাবাসীর অভিযোগ, রাস্তার উচ্চতা বৃদ্ধি করায় অনেক ভবনের নীচতলা নিচু হয়ে যায়। প্রতি বছর বর্ষা মৌসুমে এখানকার জলাবদ্ধতা মানুষকে অবর্ণনীয় দূর্ভোগে ফেলে।

দ্রুত এবিষয়ে ব্যবস্থা গ্রহন না করলে পানিবাহিত রোগজীবানুতে আক্রান্ত হয়ে পড়বেন এখানকার অভিবাসিরা।

এদিকে বর্ষা হলেই বামন্দী নিশিপুর স্কুল এন্ড কলেজে সৃষ্টি হয় জলাবদ্ধতা। যুগের পর যুগ পার হলেও হয় না কোন স্থায়ী সমাধান। আর বর্ষা মৌসুম এলেই জলাবদ্ধতা নিরসণের জন্য ব্যাপক অর্থ ব্যায় করতে হয় ড্রেনে । তবে স্থায়ী সমাধানের পথ কবে দেখবে এ নিয়ে প্রশ্ন স্থানীয়দের মাঝে।

এলাকাবাসী এ বিষয়ে মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন ও গাংনী উপজেলা নির্বাহী অফিসার দৃষ্টি আকর্ষণ করে দ্রুত ব্যবস্থা গ্রহনের অনুরোধ জানিয়েছেন।

মুজিবনগরে ঈদুল আযহা উপলক্ষে ভর্তুকি মূল্যে টিসিবির পণ্য বিক্রয়ের উদ্বোধন

পবিত্র ঈদুল আযহা উপলক্ষে সারা দেশে সরকারের নির্ধারিত ১ কোটি উপকারভোগী পরিবারের মাঝে টিসিবির পণ্য ২কেজি ডাল,১কেজি চিনি এবং ২ লিটার করে সয়াবিন তেল ভর্তুকি মূল্যে বিক্রয়ের অংশহিসেবে

মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়ন পরিষদে টিসিবির পণ্য বিক্রয়ের উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে ।

বুধবার সকাল ১১টার দিকে মোনাখালী ইউনিয়ন পরিষদ চত্বরে জেলা প্রশাসনের আয়োজনে টিসিবি’র পণ্য বিক্রির উদ্বোধন করেন জেলা প্রশাসক ডঃ মোহাম্মদ মুনসুর আলম খান ।

উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক নাজমুল হুদা, উপজেলা পরিষদ চেয়ারম্যান জিয়া উদ্দিন বিশ্বাস, উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার, সহকারী কমিশনার ভূমি এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মাহমুদুল হাসান, উপজেলা ভাইস চেয়ারম্যান আলহাজ্ব রফিকুল ইসলাম মোল্লা, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ ওসি মেহেদী রাসেল, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সমাজসেবা অফিসার আব্দুর রব, মোনাখালী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম রফা, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মফিজুর রহমান মাফিজ সহ ইউনিয়ন পরিষদের সদস্য গন উপস্থিত ছিলেন। ভর্তুকি মূল্যের টিসিবি’র পণ্য প্রথম দিনে মোনাখালী ইউনিয়নে ১৫ শ পরিবারের মধ্যে ৫’শ টি পরিবারের কাছে বিক্রি করা হবে এবং পর্যায় ক্রমে ইউনিয়নের সকল উপকার ভোগী এবং উপজেলার প্রত্যেক ইউনিয়নের উপকার ভোগীদের মাঝে বিক্রয় করা হবে।

মেয়াদ উত্তীর্ণ ওষধ থাকায় মুজিবনগরে দুই ওষধ ব্যবসায়ীকে অর্থদন্ড

মুজিবনগরে মেয়াদ উত্তীর্ণ ঔষধ রাখার অপরাধে দুই ওষধ ব্যবসায়ীকে ৬ হাজার টাকা অর্থদন্ড করেছেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

আজ মঙ্গলবার (২১জুন)দুপুরের দিকে মুজিবনগর উপজেলার হাসপাতাল গেটের সিএম মেডিকেল হল ও হামীম ফার্মেসি এ অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল

আহমেদ।

ওই ফার্মেসী দুটিতে মেয়াদ উত্তীর্ণ ঔষধ রাখার অপরাধে হামীম ফার্মসীর মালিক হাফিজুর রহমানকে ৩ হাজার টাকা ও সিএম মেডিকেল হলের মালিক একেএম কামরুজ্জামানকে ৩ হাজার টাকা করে দুই ব্যবসায়ীকে ৬ হাজার টাকা অর্থদন্ড করেন। একই সাথে মেয়াদ উত্তীর্ণ বিভিন্ন ওষধ জব্দ করে বিনষ্ট করেন।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ বলেন, ভোক্তাঅধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৫১ ধারা মতে ওই দুই ব্যবসায়ীকে ৬০০০ টাকা অর্থদন্ড করা হয়েছে।

এসময় মেহেরপুর স্যানেটারী পরিদর্শক তারিকুল ইসলাম ও মুজিবনগর থানা পুলিশের একটি দল সাথে ছিলেন।

মেহেরপুরে ফল মেলা ও আলোচনা সভা অনুষ্ঠিত

“বছর ব্যাপী ফল চাষে, অর্থ পুষ্টি দুই-ই আসে “এই প্রতিপাদ্যে ২১-২৩ জুন তিন দিনব্যাপী কৃষি সম্প্রসারণ ও জেলাপ্রশাসকের উদ্যোগে ফল মেলা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মঙ্গলবার সকালে কৃষি সম্প্রসারণের খামারবাড়ি চত্বরে এ মৌসুমি ফল মেলার আয়োজন করা হয়। বিভিন্ন ধরনের ফলে সুঘ্রাণে মুখরিত ছিল অনুষ্ঠান স্থল।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ভারপ্রাপ্ত উপপরিচালক কৃষিবিদ শামসুল আলম।
প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মনসুর আলম খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম।

এ ছাড়াও অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, বারাদি হটিকালচারের উপপরিচালক হাবিবুল ইসলাম খান, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের

অতিরিক্ত উপপরিচালক এ কে এম কামরুজ্জামান, সদর উপজেলা কৃষি কর্মকর্তা নাসরিন পারভীন সহ বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রী, কৃষক ও খামারি প্রমুখ।

এ ফল মেলায় আম, কাঠাল, আনারস, পেপে, পেয়ারা, লিচু, কলা, লটকন, জামরুল, খেজুর, ড্রাগন প্রভৃতি ফলসহ প্রায় ২০ প্রজাতির ফল প্রদর্শন করা হয়। জাঙ্ক ফুড ও অস্বাস্থ্যকর খাবার থেকে বিরত রাখা এবং পুষ্টিমান সম্পন্ন নানান ধরনের ফলের সাথে পরিচয় করিয়ে দিতে এই আয়োজন করা হয়।

মেহেরপুরের নবনির্বাচিত পৌর মেয়রকে ফুলেল শুভেচ্ছা

মেহেরপুর পৌরসভার নবনির্বাচিত মেয়র ও মেহেরপুর জেলা যুব লীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটনকে ফুলের মালা দিয়ে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন মেহেরপুর জেলা অবসর প্রাপ্ত সরকারি কর্মচারি কল্যাণ সমিতির পরিচালনা পরিষদের সদস্যবৃন্দ।
সোমবার সকাল ১১ টার দিকে পুরাতন পোষ্ট অফিস পাড়াস্থ্য নবনির্বাচিত মেয়র মাহফুজুর রহমান রিটনের নিজস্ব বাসভবনে মেহেরপুর জেলা অবসর প্রাপ্ত সরকারি কর্মচারি কল্যাণ সমিতির পরিচালনা পরিষদের সদস্যবৃন্দ ফুলের মালা পরিয়ে এ অভিনন্দন ও শুভেচ্ছা জানান ।
এসময় মেহেরপুর জেলা অবসর প্রাপ্ত সরকারি কর্মচারি কল্যাণ সমিতির সভাপতি মোঃ নুরুল ইসলাম, সাধারণ সম্পাদক মোঃ মোয়াজ্জেম হোসেন, কোষাধ্যক্ষ মোঃ আঃ রহমান, নির্বাহী সদস্য মোঃ ইব্রাহিম প্রমূখ উপস্থিত ছিলেন।
এ সময় নব নির্বাচিত মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন, আমি আপনাদের ও জনগনের ভালবাসা নিয়ে এই মেহেরপুর পৌরসভার মেয়র নির্বাচিত হয়েছি। আমি সুখে দুখে আপনাদের সহযোগীতা কামনা করি।
উল্লেখ্য, গত ১৫ জুন মেহেরপুর পৌরসভা নির্বাচনে আওয়ামী লীগের মনোনিত নৌকার প্রার্থী হয়ে নির্বাচন করে বিপুল ভোটে জয়লাভ করে মেয়র পদে পুন:নির্বাচিত হন মাহফুজুর রহমান রিটন।

মেহেরপুরে বিদেশী সিগারেট জব্দ দোকানদারকে জরিমানা

মেহেরপুর শহরের পৌর কমিউনিটির সামনের জনি স্টোরে অভিযান চালিয়ে আদালতভ্রাম্যমান অভিযান চালিয়ে বিদেশী সিগারেট উদ্ধার করেন। পরে ওই দোকান মালিক শাহাবুদ্দিন আহমেদকে ২০০ টাকা অর্থদন্ড করেন ভ্রাম্যমান আদালতের নির্বাহি হাকিম আসাদুজ্জামান নুর।

সোমবার (২০ জুন) বেলা ২ টার সময় ওই দোকানটিতে অভিযান চালান ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট আসাদুজ্জামান নুর।

এসময় মেহেরপুর সদর উপজেলা স্যানিটারী ইন্সপেক্টর তারিকুল ইসলাম উপস্থিত ছিলেন।

পরে জব্দকৃত সিগারেট পুড়িয়ে ধ্বংস করা হয়।

একটি সেলাই মেশিন দিয়ে মিনি গার্মেন্টস ফ্যাক্টরি গড়ে তোলা সম্ভব —-অ্যাড. ইয়ারুল ইসলাম

মেহেরপুর সদর উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম বলেছেন, কর্মদক্ষতা, প্রবল আত্মশক্তি ও পরিকল্পনা থাকলে একটি সেলাই মেশিন দিয়ে শুরু করে ছোট মিনি গার্মেন্টস ফ্যাক্টরি গড়ে তোলা সম্ভব।

এজন্য এখন থেকে আত্ম প্রত্যয়ি হতে হবে। এখন ছোট্ট গ্রামে বসেও অনেক কিছু করা সম্ভব। কারণ, ঢাকার অনেক বড় বড় গার্মেন্টস ফ্যাক্টরি বা ফ্যাশন হাউজগুলো গ্রামীণ নারীদের তৈরী বিশেষ করে বুটিক, নকশীকাথাসহ সুঁচ সেলাইয়ের অনেক পণ্য নিয়ে থাকে। তাই নারীদের বেশী বেশী করে এসব কাজে সম্পৃক্ত হতে হবে।

সদর উপজেলার গরীব, অসহায় নারীদের মধ্যে সেলাই মেশিন বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

আজ সোমবার (২০ জুন) সকাল ১১ টার সময় উপজেলা পরিষদ হলরুমে ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)’র অর্থায়নে উপজেলার ৮০ জন গরীব অসহায় নারীদের মধ্যে এ সেলাই মেশিন বিতরণ করা হয়।

সদর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে অনুষ্ঠিত সেলাই মেশিন বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, সদর উপজেলা মহিলা ভাইসচেয়ারম্যান লতিফুন্নেছা লতা, সদর উপজেলা প্রকৌশলী আব্দুল হামিদ।

সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ার হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠিত সেলাই মেশিন বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ইয়ারুল ইসলাম আরো বলেন, নারীদের উন্নয়নে সরকার তার সবগুলো দপ্তরের মাধ্যমে বিভিন্ন কর্মসূচী হাতে নিয়েছেন। এসব সুযোগুলো কাজে লাগিয়ে নারীদের এগিয়ে যেতে হবে। একটা সমাজ ও দেশকে এগিয়ে নিতে নারী উন্নয়নের কোনো বিকল্প নেই। তাই পুরুষের পাশাপাশি নারীদের হাত দুটিকেও কর্মের হাত বানাতে হবে।

সভাপতির বক্তব্যে সদর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন বলেন, সমাজের একটা বড় অংশই নারী। তাই নারীদের পিছিয়ে রেখে সমাজকে এগিয়ে নেয়া সম্ভব নয়। তাই নারী পুরুষকে এক সাথে কাজ করে দেশকে এগিয়ে নিতে হবে।

মেহেরপুরে পাঁচ মাসে বিপুল পরিমাণ মাদকদ্রব্য উদ্ধার, ৫১ মামলা, আটক ৯০

মেহেরপুর জেলার বিভিন্ন সীমান্ত এলাকায় বেপরোয়া উঠেছে মাদক কারবারীরা। ভারত সীমান্ত পেরিয়ে বানের পানির মত বিভিন্ন ধরনের মাদকদ্রব্য আসছে বাংলাদেশের অভ্যন্তরে। বিশেষ করে গাংনী উপজেলার খাঁসমহল, রংমহল, সহড়াতলা, কাজিপুর, তেঁতুলবাড়িয়া সীমান্তগুলো মাদক পাচারের নিরাপদ ঘাটিতে পরিণত হয়েছে।

বিজিবি ও বিএসএফের চোখ ফাঁকি দিয়ে মাদক কারবারীরা গাঁজা, ফেনসিডিল, ইয়াবা, মদসহ নানা ধরণের মাদক আনছেন।
তবে, মাদকের বিরুদ্ধে পুলিশের কঠোর অভিযানের ফলে জেলাসহ গাংনী উপজেলার অধিকাংশ মাদকের স্পট বন্ধ হয়ে যাওয়ার সুযোগ এখন কাজে লাগাচ্ছে সীমান্তবর্তী দুই দেশের মাদক ব্যবসায়ীরা।

মাদকসেবীরা এখন মাদক সেবন করতে মোটরসাইকেল এবং সিএনজিসহ নানা প্রকার যানবাহনে ছুটছে মেহেরপুরের বিভিন্ন সীমান্তে।
এদিকে বিজিবি বলছে, প্রয়োজনীয় আলামত না থাকায় অধিকাংশ মাদক সেবনকারীদের আটক করতে পারছে না সীমান্তরক্ষি বাহিনী বিজিবিসহ অন্যান্য আইনশৃঙ্খলা বাহিনী।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, মাদক সেবক ও কারবারীদের বিরুদ্ধে পুলিশের অবস্থান জিরো টলারেন্স। একটি মাদক কারবারীকেও ছাড় দেওয়া হবেনা। কারণ, মাদক সকল অপরাধের মুল কেন্দ্রবিন্দু।তিনি বলেন, সাড়ে পাঁচ মাসে গাংনী থানা পুলিশ উপজেলার বিভিন্ন স্থানে পৃথক অভিযান চালিয়ে প্রায় ৪৬ কেজি গাঁজা, ১০৭১ বোতল ভারতীয় ফেনসিডিল, ৮০০ পিচ ইয়াবা, ২০ বোতল ভারতীয় টাইগার মদ, ১৪ বোতল বিদেশী মদ ও এদেশীয় চোলায় মদ উদ্ধার করেছে।এসময় মাদকের সাথে জড়িত থাকার অপরাধে ৯০ জনকে আটক করা হয়েছে। মাদক উদ্ধারের ঘটনায় পুলিশের পক্ষ থেকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে ৫১ টি মামলা দায়ের করা হয়েছে।

জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম জানান, চলতি বছরের সাড়ে পাঁচ মাসের ডিবি পুলিশের অভিযানে সাড়ে ৫ মাসে প্রায় সাড়ে ৬ কেজি গাঁজা, ৫৭৯ বোতল

ফেনসিডিল, ৪০ গ্রাম হেরোইন, ৩৬০ পিচ ইয়াবা, ৩ বোতল ভারতীয় মদসহ অন্যান্য মাদক দ্রব্য উদ্ধার করে।

এসব মাদক উদ্ধারের ঘটনায় মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে ৪১ টি নিয়মিত মামলা দায়ের করা হয়েছে। এছাড়া মাদক কান্ডে ৫০ জন আসামীকে আটক করে আদালতে সোপর্দ করা হয়েছে।
অনুসন্ধানে জানা গেছে, পুলিশ বিভাগের উদ্যোগে মাদকের বিরুদ্ধে অভিযানের ফলে এখন আগের মতো যত্রতত্র আর মিলছে না মাদক। মাদকে সয়লাব ছিল যেসব স্পট সেখানে গিয়ে কাঙ্খিত মাদক না পেয়ে গাংনীসহ আশপাশের জেলার মাদকসেবীরা এখন মেহেরপুরের সীমান্তে এসে ভিড় জমাচ্ছে।

সীমান্ত রক্ষাবাহিনী বিজিবির দুর্বল নজরদারির সুযোগে এসব মাদক সেবনকারী মেহেরপুরসহ গাংনী উপজেলার সীমান্তে এসে মাদক সেবন করছে।

সূত্র জানায়, মাদকের সংকটের সুযোগে সীমান্তে দুই দেশের মাদক ব্যবসায়ীরা এখন রমরমা মাদক ব্যবসা চালিয়ে যাচ্ছে। বিজিবি এবং বিএসএফের টহলের ফাঁকে ফাঁকে এসব মাদক ব্যবসায়ী দুই দেশে আনাগোনা করছে এবং মাদক বেচাকেনা চালিয়ে যাচ্ছে।

সীমান্তবর্তী বাড়িঘরগুলো এসব মাদক ব্যবসার কাজে ব্যবহার করা হচ্ছে। এ ক্ষেত্রে দিন-দুপুরে মাদক বহনের জন্য সীমান্তের গ্রামগুলোর শিশুদেরও ব্যবহার করা হচ্ছে। খোঁজ নিয়ে জানা গেছে, মেহেরপুর সীমান্তের বিভিন্ন এলাকায় চিহ্নিত ‘স্পট’গুলোতে সন্ধ্যার পরই পাল্টাতে থাকে চিত্র। রাত বাড়ার সঙ্গে সঙ্গে এসব এলাকায় বাড়তে থাকে মাদকের বহর। সীমান্তের ওপাড় থেকে এপাড়ে মাদক চালানের অন্যতম ‘সহায়কের ভূমিকা’ পালন করে ‘লাইনম্যানরা। বিশেষ করে দেশের বিভিন্ন স্থান থেকে মোটরসাইকেলসহ বিভিন্ন বাহনে গাংনীর সীমান্তে এসে মাদক সেবনকারীদের মাদক সেবন এখন চোখে পড়ার মতো।

বিজিবি সূত্র জানায়, মেহেরপুর জেলাসহ আশপাশের জেলা থেকে মোটরসাইকেলযোগে বিভিন্ন বয়সের তরুণ ও যুবক মাদক সেবন করতে মেহেরপুর সীমান্তে আসে মাদক সেবন করতে।
বিজিবি এবং পুলিশের অভিযানে বিভিন্ন এলাকা থেকে অনেক যুবককে আটক হয়। এছাড়া মাদক কারবারি এবং সেবনকারীদের আটক করতে সীমান্তের বিভিন্ন পয়েন্টে প্রতিদিনই অভিযান চালানো হচ্ছে।